# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

২০২৬-২০২৭ খ্রিঃ সনের জন্য 'ক' শ্রেণীর **"সিভিল"** গ্রুপের
নতুন ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভূক্তির আবেদন পত্র

মূল্যঃ ৫০০/- (পাঁচশত) টাকা

## বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীন ২০২৬-২০২৭ খ্রিঃ সনের জন্য
## 'ক' শ্রেণীর **"সিভিল"** গ্রুপের নতুন ঠিকাদারী প্রতিষ্ঠান তালিকাভূক্তির আবেদন ফর্ম।

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত নম্বর | আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | আবেদনকৃত গ্রুপের নাম এবং আবেদন পত্র ক্রয়ের মূল রশীদ, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, ব্যাংকের নাম ও শাখা, টাকার পরিমান। | ১ | |
| ২। | আবেদনকারী প্রতিষ্ঠানের সাধারণ তথ্যাবলী ঃ | মোট নম্বর ২৫ | |
| | (ক) প্রতিষ্ঠানের পূর্ণ নাম, পূর্ণ স্থায়ী ঠিকানা ও যোগাযোগের ঠিকানা। | ২ | |
| | (খ) প্রতিষ্ঠানের টেলিফোন ও ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা। | ১ | |
| | (গ) প্রতিষ্ঠানের চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক সহ সকল অংশীদারগণের নাম। (প্রত্যেকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও পূর্ণাংগ জীবন-বৃত্তান্ত সংযুক্ত করিতে হইবে) | ২ | |
| | (ঘ) প্রতিষ্ঠানের একক মালিকানা/যৌথ মালিকানা/লিমিটেড কোম্পানী গঠনের দলিলের সত্যায়িত ফটোকপি। | ২ | |
| | (ঙ) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি। | ৩ | |
| | (চ) প্রতিষ্ঠানের মালিক/মালিকগণের বাংলাদেশী জাতীয়তা সনদপত্রের মূল কপি (নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজডকৃত) | ৩ | |
| | (ছ) প্রতিষ্ঠানের বর্তমান সময়ে নূন্যতম টাকা ৩০ (ত্রিশ) লক্ষ টাকার কাজ করিবার আর্থিক সক্ষমতা সম্পর্কে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেটের মূল কপি। | ৩ | |
| | (জ) প্রতিষ্ঠানের বিগত ৩ (তিন) বৎসরের অডিট রিপোর্ট এর সত্যায়িত ফটোকপি। | ৩ | |
| | (ঝ) হালনাগাদ আয়কর পরিশোধ সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। | ৩ | |
| | (ঞ) ভ্যাট রেজিষ্ট্রেশনের সত্যায়িত ফটোকপি। | ৩ | |
| ৩। | প্রতিষ্ঠানের অফিস স্পেস ও অফিস যন্ত্রপাতির বিস্তারিত বিবরণ। অফিস স্পেসের মালিকানা/ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত কপি সংযোজন করিতে হইবে। উক্ত বিবরণী সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নূন্যতম নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত হইতে হইবে। | ৪ | |
| ৪। | আবেদনকারী প্রতিষ্ঠানে সার্বক্ষনিকভাবে কর্মরত বি.এস.সি. ইঞ্জিনিয়ার (সিভিল) এর বিবরণ (নূন্যতম একজন) ঃ | মোট নম্বর ১৫ | |
| | (ক) বি.এস.সি সিভিল ইঞ্জিনিয়ার/ইঞ্জিনিয়ারগণের নাম, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও পূর্ণাংগ জীবন বৃত্তান্ত (তারিখ সহ স্বাক্ষরকৃত) | ৭ | |
| | (খ) ইঞ্জিনিয়ারিং পাশের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। | ৪ | |
| | (গ) সার্বক্ষনিক ভিত্তিতে আবেদনকৃত প্রতিষ্ঠানে কর্মরত আছেন মর্মে অংগীকার নামার মূল কপি (নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজডকৃত) | ৪ | |

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত নম্বর | আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ৫। | আবেদনকারী প্রতিষ্ঠানে সার্বক্ষনিকভাবে কর্মরত ডিপ্লোমা ইঞ্জিনিয়ার (সিভিল) এর বিবরণ (নূন্যতম দুইজন)ঃ | মোট নম্বর ১০ | |
| | (ক) ডিপ্লোমা ইঞ্জিনিয়ার/ইঞ্জিনিয়ারগনের নাম, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও পূর্ণাংগ জীবন বৃত্তান্ত (তারিখ সহ স্বাক্ষরকৃত)। | ৪ | |
| | (খ) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং পাশের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। | ৩ | |
| | (গ) সার্বক্ষণিক ভিত্তিতে আবেদনকৃত প্রতিষ্ঠানে কর্মরত আছেন মর্মে অংগীকার নামার মূল কপি (নোটারী পাবলিক কর্তৃক নোটারাইজডকৃত)। | ৩ | |
| ৬। | আবেদনকারী প্রতিষ্ঠানের অভিজ্ঞতার বিবরণঃ | মোট নম্বর ৪০ | |
| | (ক) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের 'খ' শ্রেণীর তালিকভূক্তির বিবরণ ও সত্যায়িত ফটোকপি। | ৫ | |
| | (খ) সংশ্লিষ্ট দপ্তর প্রধান হইতে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের 'খ' শ্রেণীর ঠিকাদার হিসেবে নূন্যতম বিগত ৩ (তিন) অর্থ বৎসরে প্রতিটি কমপক্ষে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা বা তদূর্ধ টাকার সম্পাদিত ৩ (তিন) টি বিল্ডিং কনষ্ট্রাকশন বা সমপর্যায়ের সিভিল কাজের সন্তোষজনক কার্য সম্পাদন সার্টিফিকেট।<br>(১) ৩০ লক্ষ টাকার কম<br>(২) ৩০-৩৯ লক্ষ টাকা<br>(৩) ৪০-৪৯ লক্ষ টাকা<br>(৪) ৫০ লক্ষ টাকা এবং তদূর্ধ | <br>০<br>৪<br>৬<br>৮ | |
| | (গ) সংশ্লিষ্ট দপ্তর প্রধান হইতে বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের 'খ' শ্রেণীর ঠিকাদার হিসেবে নূন্যতম বিগত ৫ (পাঁচ) অর্থ বৎসরে প্রতিটি কমপক্ষে ৩০ (ত্রিশ) লক্ষ টাকা বা তদূর্ধ টাকার কমপক্ষে ২ (দুই)টি বিল্ডিং কনষ্ট্রাকশন বা সমপর্যায়ের সিভিল কাজের নূন্যতম ১ (এক) বৎসরের সন্তোষজনক পারফরম্যান্স সার্টিফিকেট।<br>(১) ৩০ লক্ষ টাকার কম<br>(২) ৩০-৩৯ লক্ষ টাকা<br>(৩) ৪০-৪৯ লক্ষ টাকা<br>(৪) ৫০ লক্ষ টাকা এবং তদূর্ধ | <br>০<br>৪<br>৬<br>৮ | |
| | (ঘ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের 'খ' শ্রেণীর ঠিকাদার হিসাবে প্রতিটি নূন্যতম ৩০ (ত্রিশ) লক্ষ টাকা বা তদূর্ধ টাকার কমপক্ষে ১ (এক) টি বিল্ডিং কনষ্ট্রাকশন বা সমপর্যায়ের চলতি সিভিল কাজের কার্যাদেশের সত্যায়িত ফটোকপি।<br>(১) ৩০ লক্ষ টাকার কম<br>(২) ৩০-৩৯ লক্ষ টাকা<br>(৩) ৪০-৪৯ লক্ষ টাকা<br>(৪) ৫০ লক্ষ টাকা এবং তদূর্ধ | <br>০<br>৪<br>৬<br>৮ | |
| | (ঙ) অন্যান্য সংস্থা যেমন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ডেসা, ডেসকো, গণপূর্ত, সড়ক ও জনপথ ইত্যাদি সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় 'ক' শ্রেণীর সিভিল ঠিকাদার হিসাবে তালিকাভূক্তির হালনাগাদ দলিলের সত্যায়িত ফটোকপি। | ৫ | |

চলমান পাতা-৩

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত নম্বর | আবেদনকারী কর্তৃক প্রদত্ত তথ্যাবলী |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| | (চ) অন্যান্য সংস্থা যেমন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ডেসা, ডেসকো, গণপূর্ত, সড়ক ও জনপথ ইত্যাদি সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় 'ক' শ্রেণীর সিভিল ঠিকাদার হিসাবে বিগত ০৩ (তিন) অর্থ বৎসরে প্রতিটি নূন্যতম ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ টাকার কমপক্ষে ০২ (দুই)টি বিল্ডিং কনস্ট্রাকশন বা সম পর্যায়ের সিভিল কাজের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নূন্যতম নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তার নিকট হইতে সন্তোষজনক কার্য সম্পাদন এবং সংশ্লিষ্ঠ কাজ সমূহের নূন্যতম ০২ (দুই) বৎসরের সন্তোষজনক পারফরম্যান্স সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। | ৬ | |
| ৭। | প্রতিষ্ঠানের নিজস্ব নির্মাণ যন্ত্রপাতির বিস্তারিত তালিকাঃ (সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নূন্যতম নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত)। | ৫ | |

বিশেষ দ্রষ্টব্যঃ

(১) নির্ধারিত পরিমান মূল্য পরিশোধ সাপেক্ষে আবেদন পত্র ক্রয়ের মূল রশীদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করিতে হইবে, অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র ক্রয়ের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, ব্যাংকের নাম ও শাখা, টাকার পরিমান আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।

(২) আবেদনকারী প্রতিষ্ঠানে কমপক্ষে ১ (এক) জন বি, এসসি ইঞ্জিনিয়ার (সিভিল) সার্বক্ষণিকভাবে কর্মরত থাকিতে হইবে, অন্যথায় আবেদনপত্র বিবেচনা করা হইবে না।

(৩) আবেদন পত্র স্পষ্ট অক্ষরে/কম্পিউটারে পূরণ করিতে হইবে এবং একাধিক অপশন থাকিলে প্রযোজ্যটি রাখিয়া অন্যগুলি কাটিয়া দিতে হইবে।

(৪) **ফর্মের ক্রমিক নম্বর অনুযায়ী সকল প্রয়োজনীয় কাগজপত্র ক্রমিক নং এবং পৃষ্ঠা নম্বর দিয়া যথাযথভাবে ফর্মের সাথে সংযুক্ত করিতে হইবে (কলাম ৪-এ পৃঃ নং লিখিতে হইবে)।**

(৫) আবেদনকারী প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সনদপত্র যেমন, কার্যাদেশ সমূহের কপি, সন্তোষজনক কার্য সম্পাদন সার্টিফিকেট সমূহের কপি, সন্তোষজনক পারফরম্যান্স সার্টিফিকেট সমূহের কপি ইত্যাদি সংশ্লিষ্ট দপ্তরের নূন্যতম নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নাম, পদবী ও অফিসের ঠিকানা সম্বলিত সীল) হইতে হইবে। অন্যথায় সনদপত্র সমূহ গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

(৬) ফর্মের সাথে সংযুক্ত (৩) নং ব্যতীত অন্যান্য সকল কাগজপত্র সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নূন্যতম নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার কর্মকর্তা দ্বারা প্রত্যায়িত (নাম, পদবী ও অফিসের ঠিকানা সম্বলিত সীল) করিতে হইবে। অন্যথায় কাগজপত্র সমূহ গ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইবে না।

(৭) অসম্পূর্ণ অথবা ভুল তথ্যযুক্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(৮) আবেদনপত্রটির প্রতিটি আইটেমের বিপরীতে নির্ধারিত নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হইবে। আবেদনপত্র মূল্যায়নের মোট ১০০ (একশত) নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর ৭০ (সত্তর) এর কম হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তালিকাভূক্তির জন্য উপযুক্ত বলিয়া গণ্য হইবে না।

(৯) আবেদনকারীর প্রতিষ্ঠানের সাথে সংশ্লিষ্ট যে সকল ব্যক্তিবর্গের নাম আবেদনপত্র উল্লেখ করা হইবে অথবা যে সকল ব্যক্তিবর্গের কাগজপত্র আবেদন পত্রের সাথে দাখিল করা হইবে তাহাদের সাক্ষাৎ গ্রহণ অথবা তাহাদেরকে প্রশিক্ষণ প্রদানের জন্য প্রয়োজন হইলে ৭ (সাত) দিনের নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে উপস্থিত হইতে হইবে। অন্যথায় তালিকাভূক্তি করা হইলেও তাহা বাতিল করা যাইতে পারে।

(১০) আবেদনপত্র মূল্যায়ন ও তালিকাভূক্তি কার্যক্রমে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। সেই ক্ষেত্রে কোন প্রকার তদবির অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।

(১১) আবেদনপত্র ফর্মের কোন অংশ পরিবর্তন/পরিবর্ধন গ্রহণযোগ্য হিসাবে বিবেচিত হইবে না। আবেদনপত্র ফর্মের কোন অংশ পরিবর্তন/পরিবর্ধন করা হইলে আবেদনপত্রটি বাতিল বলিয়া গণ্য হইবে।

উপরোক্ত নিয়মাবলী আমি দেখিয়াছি এবং সেই মোতাবেক প্রয়োজনীয় সঠিক নথিপত্র সহ আবেদনপত্র দাখিল করিলাম।

আবেদনকারীর স্বাক্ষর, নাম ও সীল
(আবেদনকারী প্রতিষ্ঠানের মালিকানা দলিল অনুযায়ী)